প্রথম আলো

তারিখ 10 APR 2018
পৃষ্ঠা ২০ কলাম ৮

প্রশ্নপত্র ফাঁস চক্র

# কিশোর গ্রেপ্তার

প্রতিনিধি, ভালুকা, ময়মনসিংহ

এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস-সংক্রান্ত প্রতারক চক্রের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ময়মনসিংহের ভালুকা উপজেলা থেকে এক কিশোরকে (১৭) গ্রেপ্তার করা হয়েছে। উপজেলার হবিরবাড়ি এলাকা থেকে গত রোববার দিবাগত রাতে তাকে আটক করে র‍্যাব-১৪-এর একটি দল। এ ঘটনায় গতকাল সোমবার রাতে ভালুকা মডেল থানায় মামলা করে র‍্যাব।

গ্রেপ্তার কিশোরের বাড়ি উপজেলার লবণকোঠায়। র‍্যাব বলেছে, র‍্যাবের একটি দল লবণকোঠায় অভিযান চালিয়ে প্রশ্নপত্র ফাঁস-সংক্রান্ত প্রতারক চক্রের সক্রিয় সদস্য এক কিশোরকে আটক করে। তার কাছ থেকে দুটি মুঠোফোন উদ্ধার করা হয়। জিজ্ঞাসাবাদে সে চক্রের সঙ্গে সংশ্লিষ্টতার কথা স্বীকার করেছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর